

২০২১-২২ অর্থ-বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার খসড়ার ওপর 'নৈতিকতা কমিটি'-এর সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ আনিছুর রহমান সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
তারিখ	:	২৩ মে, ২০২১
সময়	:	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	:	অনলাইন সিস্টেম।
উপস্থিত সদস্য	:	রেকর্ডেড।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (প্রশাসন-৩) মোছাঃ মোর্শেদা ফেরদৌস সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ২০২১-২২ অর্থ-বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার খসড়া অনুমোদনের লক্ষ্যে এ সভাটি আহবান করা হয়েছে। তিনি আরও জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আলোচ্য কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে আয়োজিত প্রশিক্ষণে জানানো হয়, কর্মপরিকল্পনা মূল্যায়নের সময় নৈতিকতা কমিটির নিম্নরূপ কর্মপরিধির আলোকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ওপর বেশি গুরুত্ব দেয়া হবেঃ

- সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
- পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন;
- কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ;
- সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ; এবং
- মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানে শুদ্ধাচার বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

২। উল্লিখিত আলোচনার পরিপ্রেক্ষিতে সভাপতি এ বিভাগ এবং আওতাধীন সংস্থাসমূহের যেসব ক্ষেত্র চিহ্নিত করে শুদ্ধাচার-কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে সেসব ক্ষেত্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ-কে নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার বিষয়ে সচেষ্ট থাকতে নির্দেশনা প্রদান করেন।

৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১) সভায় উপস্থাপিত খসড়া কর্মপরিকল্পনার নিম্নবর্ণিত বিষয়সমূহ সংশোধন সাপেক্ষে অনুমোদন প্রদান করা হয়ঃ

- খসড়া কর্মপরিকল্পনার ১.৫ নম্বর ক্রমিকে কর্ম-পরিবেশ উন্নয়ন সংশ্লিষ্ট কার্যক্রমে একেজো মালামাল বিনষ্টকরণ কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
- ২.৩ নম্বর ক্রমিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমে লক্ষ্যমাত্রা ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে যথাক্রমে ৫, ১৫, ২৫ ও ৫৫ শতাংশ হারে বিভাজন করতে হবে;

(২) সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য ও অন্তরায় চিহ্নিতকরণ এবং পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে দপ্তর/সংস্থা কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণে করতে হবে;

(৩) এ বিভাগ এবং আওতাধীন সংস্থাসমূহের যেসব ক্ষেত্র চিহ্নিত করে শুদ্ধাচার-কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে সেসব ক্ষেত্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ-কে নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার বিষয়ে সচেষ্ট থাকতে হবে।

০৪। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৭/০৫/২০২১
(মোঃ আনিছুর রহমান)
সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১৩.০৫.০১৮.২০


তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪২৮
২৭ মে, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
- ০২। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বিপিআই/বিএমডি/হাইড্রোকার্বন ইউনিট/জিএসবি, ঢাকা।
- ০৪। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, কাওরান বাজার, ঢাকা।

অনুলিপি:

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ২। প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)


(মোছাঃ শোর্শেদা ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫৫১১৪৩